দৈনিক বাংলা

তারিখ 05 AUG 1994
পৃষ্ঠা ৮ কলাম ৫

05

# উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রতিবাদ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় গত ২ আগস্ট টিএসসিতে জাতীয় বিতর্ক উৎসবে ভাইস চ্যান্সেলর ডঃ এম শমশের আলীর নাজেহাল হওয়া সম্পর্কে কতিপয় পত্রিকায় প্রকাশিত খবরের প্রতিবাদ করেছে।

বৃহস্পতিবার উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এক প্রতিবাদলিপিতে বলা হয় ঃ গত ২ আগস্ট টিএসসিতে জাতীয় বিতর্ক উৎসবে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ডঃ এম শমশের আলীর বিরুদ্ধে কতিপয় ব্যক্তি অবমাননাকর শ্লোগান দিয়েছে বলে কতিপয় সংবাদপত্রে যে খবর প্রকাশিত হয়েছে, তা সম্পূর্ণ অমূলক ও ভিত্তিহীন। এ ধরনের ভিত্তিহীন খবরে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিস্মিত ও হতবাক হয়েছেন।

প্রতিবাদলিপিতে বলা হয় ঃ প্রকৃতপক্ষে বিতর্ক উৎসব পরিচালনার জন্য ভাইস চ্যান্সেলর ডঃ এম শমশের আলী টিএসসি মিলনায়তনে এলে জনাকীর্ণ দর্শকশ্রোতা করতালি দিয়ে তাকে অভিনন্দিত করে এবং অত্যন্ত শান্তি ও প্রাণবন্ত পরিবেশে অনুষ্ঠান সম্পন্ন হয়। অনুষ্ঠান শেষে ডঃ শমশের আলীকে ফুলের তোড়া দিয়ে বিদায় জানান হয়। এ সময় কোনরূপ হৈচৈ কিংবা কোন বিরূপ প্রতিক্রিয়া অথবা অবমাননাকর উক্তির ঘটনা ঘটেনি।

প্রতিবাদলিপিতে আরও বলা হয় ঃ ডঃ শমশের আলীকে পুলিশ প্রহরায় বিদায় দেয়ার খবর শুধু সত্যের অপলাপই নয়, বরং বস্তুনিষ্ঠ সাংবাদিকতার পরিপন্থী। জাতীয় বিতর্ক উৎসবের সময় টিএসসি মিলনায়তন ও আশপাশে আদৌ কোন পুলিশ উপস্থিত ছিল না।